গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.৫৩.১২.০৪০.১৫

তারিখঃ ২৫/০৭/২০১৯ খ্রিঃ।

**বিষয়ঃ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন ও পরিচালনার লক্ষ্যে আমদানিকৃত ইকুইপমেন্ট, ইরেকশন ম্যাটেরিয়ালস, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ও শুল্ক মুক্তভাবে খালাস প্রদান বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড
তারিখ : ১৪ জুলাই, ২০১৯ খ্রিঃ
সময় : সকাল ১১.০০ টায়
স্থান : জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট ''ক''।

আলোচ্য সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি) কে আলোচ্য সভার বিষয়বস্তু উপস্থাপনের আহবান জানান। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি) সভাকে অবহিত করেন যে, প্রজ্ঞাপন এস,আর,ও নং-৭৩-আইন/৯৭/১৭০০/শুল্ক, তারিখঃ ১৯ মার্চ, ১৯৯৭ খ্রিঃ এর আওতায় সরকারি বা বেসরকারি খাতে বিদ্যুৎ উৎপাদনের নিমিত্তে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপনের লক্ষ্যে স্থায়ীভাবে আমদানিকৃত ইকুইপমেন্ট, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ এবং অস্থায়ীভাবে আমদানিকৃত ইরেকশন ম্যাটেরিয়ালস এর উপর উক্ত প্রজ্ঞাপনের টেবিল-১ এবং টেবিল-২ এর শর্তাবলী পরিপালন সাপেক্ষে শুল্ক-মুক্ত সুবিধায় খালাসের বিধান রাখা হয়েছে। ইতোপূর্বে উক্ত প্রজ্ঞাপনের ব্যাখ্যা প্রদান করে জাতীয় রাজস্ব বোর্ড হতে পত্র নং-০৮.০১.০০০০.০৫৩.০১২.০৪০.১৫/০৮, তারিখঃ ০৪/০১/২০১৭ খ্রিঃ জারি করা হয়। উক্ত পত্রে উল্লেখ করা হয় যে বিদ্যুৎ প্ল্যান্ট স্থাপনের জন্য আবশ্যক সকল প্রকার মেশিনারিজ এবং বিভিন্ন এক্সেসরিজ যেমন-স্টিল স্ট্রাকচার, ক্যাবল, পাইপ, বৈদ্যুতিক লাইট ও লাইট ফিটিংসসহ অন্যান্য পণ্য, যা প্ল্যান্টের ডিজাইন, লে-আউট ইত্যাদি পর্যালোচনা এবং প্রয়োজনে বিশেষজ্ঞ মতামতের প্রেক্ষিতে প্ল্যান্টের অবিচ্ছেদ্য অংশ মর্মে প্রতীয়মান হবে সেগুলো শর্ত সাপেক্ষে উল্লিখিত এস.আর.ও এর আওতায় রেয়াতি হারে শুল্কায়িত হবে। প্রযোজ্য শর্ত হিসেবে আমদানিকৃত সমুদয় যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ আবেদিত বিদ্যুৎ প্ল্যান্ট স্থাপনে ব্যবহৃত হয়েছে মর্মে সর্বশেষ পণ্যচালান আমদানির ৬ (ছয়) মাসের মধ্যে যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল (যে ক্ষেত্রে যেটি প্রযোজ্য) অনুষদ/বিভাগের বিশেষজ্ঞ মতামত সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষ নিকট উপস্থাপনের বিষয়টি উল্লেখ ছিল। তবে সকল প্রকার Consumable items (paints, chemicals, transformer oil/lube oil ইত্যাদি) house-hold type air conditioning machine (Capacity 2,00,000 BTU-এর কম) furniture, steel sheet/plate ইত্যাদি পণ্যের ক্ষেত্রে এ রেয়াতি সুবিধা প্রযোজ্য হবে না।

২। উপরোল্লিখিত ব্যাখ্যার আলোকে কাস্টম হাউসসমূহে এ জাতীয় পণ্য চালান খালাস প্রদান করা হতো। তবে বিদ্যুৎ খাতের রেয়াতি সুবিধা অধিকতর যৌক্তিকীকরণে উক্ত ব্যাখ্যা পত্রটি রহিতক্রমে জাতীয় রাজস্ব বোর্ড হতে পত্র নং-০৮.০১.০০০০.০৫৩.০৩.০২৬.১৭/৭৭৭, তারিখঃ ১৮/০২/২০১৯ খ্রিঃ জারি করা হয় যেখানে উল্লেখ করা হয় যে উক্ত প্রজ্ঞাপনের আওতায় কোন পণ্য চালান খালাসকালে রাজস্ব হানির সম্ভাবনা রয়েছে মর্মে প্রতীয়মান হলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট পণ্য চালান খালাস প্রদান করে জাতীয় রাজস্ব বোর্ডের নজরে আনার নির্দেশনা প্রদান করা হয়। তবে সাম্প্রতিক সময়ে বিভিন্ন পণ্যের ক্ষেত্রে বিদ্যুৎ বিভাগ কর্তৃক এ জাতীয় প্রত্যয়ন পত্র ইস্যু করা হলেও কাস্টম হাউসসমূহ কর্তৃক তা পর্যালোচনায় দেখা যায় যে এসকল পণ্য উক্ত প্রজ্ঞাপনের উদ্দেশ্যকে সমর্থন করে না। ফলে বিভিন্ন অরেয়াতযোগ্য পণ্য যেমন: Pre-fabricated building, boulder stone, MS Rod, hot rolled steel plate, steel structure, steel pipe সহ নির্মাণ সামগ্রী, anchor boat, dredger, বিভিন্ন ধরণের কনজিউমেবল প্রভৃতি শুল্ক মুক্ত খালাসের ক্ষেত্রে জটিলতা তৈরী হলে আজকের এ সভা আহবান করা হয়। অতপর: সভাপতি মহোদয় কাস্টম হাউসের কমিশনারদের এবং বিদ্যুৎ বিভাগের প্রতিনিধিদের একে একে এ বিষয়ে বক্তব্য উপস্থাপনের অনুরোধ করেন।

৩। কমিশনার কাস্টম হাউস চট্টগ্রাম সভায় উল্লেখ করেন যে প্রজ্ঞাপন এস,আর,ও নং-৭৩-আইন/৯৭/১৭০০/শুল্ক, তারিখঃ ১৯ মার্চ, ১৯৯৭ খ্রিঃ এর আওতায় রেয়াত যোগ্য ও রেয়াতি সুবিধার বহির্ভুত পণ্যর বিষয়ে গাইডলাইন উল্লেখ করা হলেও তার সুনিদির্ষ্ট তালিকা প্রদান করা হয়নি। ফলে রেয়াতি সুবিধা প্রদান কখনও কখনও বিশেষ ব্যাখা নির্ভর হয়ে থাকে। সে প্রেক্ষাপটে বোর্ড হতে ২০১৭ সালে ব্যাখ্যাপত্র জারি করা হলে সে আলোকে পণ্যচালান শুল্কায়িত হয়ে আসছিল। রেয়াত যোগ্য বিভিন্ন পণ্য ছাড়াও Pre-

fabricated building, boulder stone, MS Rod, hot rolled steel plate, steel structure, steel pipe, consumable items প্রভৃতি ক্ষেত্রে বিদ্যুৎ বিভাগের প্রত্যয়ন থাকায় এসকল পণ্য খালাসের ক্ষেত্রে কিছু কিছু ক্ষেত্রে অস্পষ্টতা থাকলেও তা সাম্প্রতিক সময়ের মত এত প্রকট ছিল না। ২০১৭ সালের ব্যাখ্যাপত্রটি বাতিলক্রমে ২০১৯ সালে জারিকৃত ব্যাখ্যা পত্রটির নির্দেশনার ফলে এ জাতীয় পণ্য খালাসে দ্ব্যার্থবোধকতা সৃষ্টি হয়েছে। বিদ্যুৎ খাত জাতীয় অগ্রাধিকার প্রাপ্ত গুরুত্বপূর্ণ ও সংবেদনশীল একটি খাত। এখাতে যেসকল পণ্যে রেয়াতি সুবিধা প্রদান করার সরকারী নীতিগত সিদ্ধান্ত রয়েছে তা সুনির্দিষ্ট করে এসংক্রান্ত প্রজ্ঞাপন এস,আর,ও নং ৭৩/১৯৯৭ এবং ১০০/২০০০ সমন্বিত করে একটি যুগপোযোগী প্রজ্ঞাপন জারি করা যায় মর্মে সভায় উল্লেখ করেন।

৪। কমিশনার, কাস্টম হাউস, বেনাপোল সভায় উল্লেখ করেন যে সাম্প্রতিক সময়ে বিভিন্ন বিদ্যুৎ কেন্দ্রের জন্য আমদানিকৃত পণ্যে যে জটিলতা সৃষ্টি হচ্ছে তা মূলত প্রজ্ঞাপন দুইটির পণ্য তালিকা সুনির্দিষ্ট না থাকার কারণে। ফলে বিদ্যুৎ খাতের অত্যাবশকীয় যন্ত্রপাতি যেমন রোটর, জেনারেটর, ট্রান্সমিশন লাইন প্রভৃতির সাথে বোল্ডার স্টোন, কেবলস, পেইন্টস, ট্রান্সফরমান অয়েল, লুব ব্লেন্ডিং অয়েল প্রভৃতিও আমদানির চেষ্টা করা হয়ে থাকে । তিনি এসকল পণ্য তালিকা চূড়ান্ত করে একটি সমন্বিত প্রজ্ঞাপন জারি করা যায় মর্মে উল্লেখ করেন। তবে আলোচ্য ক্ষেত্রে পণ্য তালিকা চূড়ান্ত করণে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধিসহ সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কমিশনারদের মতামত এ বিষয়ে গ্রহণ করা যেতে পারে। তিনি বিদ্যুৎ খাতের উন্নয়নে সরকারী নীতিগত সুবিধা প্রদানের নীতি যেন মাঠ পর্যায়ে কার্যকরভাবে প্রয়োগ করা যায় সে বিষয়ে সকলের সুদৃষ্টি কামনা করেন।

৫। কমিশনার, কাস্টম হাউস, পায়রা সভায় উল্লেখ করেন যে সাম্প্রতিক সময়ে বিদ্যুৎ কেন্দ্রের জন্য নদীখনন কাজের ড্রেজার ও এর সাথে এংকর বোট আমদানি হয়েছে। বিষয়টি উদ্বেগজনক। আমদানিকারকগণ বিভিন্ন তথ্য গোপন করাসহ বিদ্যুৎ খাতের আড়ালে বাণিজ্যিক উদ্দেশ্যে এসকল পণ্য আমদানির চেষ্টা হয়ে থাকতে পারে। তাছাড়া কমিশনার, মোংলা কাস্টম হাউস উল্লেখ করেন যে বিভিন্ন নির্মান সামগ্রী যেমন পাথর, রড, স্টিল শিট প্রভৃতিও বিদ্যুৎ কেন্দ্রের নামে আমদানি হচ্ছে। এসকল পণ্যের স্থানীয় উৎপাদন রয়েছে। ফলে বিদ্যুৎখাতে এ জাতীয় সুবিধা প্রদান করা হলে তা দেশীয় উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানকেও ক্ষতিগ্রস্থ করতে পারে। কমিশনার কাস্টম হাউস, আইসিডি উল্লেখ করেন যে সরকারী অগ্রাধিকার খাত বিবেচনায় বিদ্যুৎ খাতের উন্নয়নে প্রয়োজনীয় রেয়াতি সুবিধা অব্যাহত রাখার পাশাপাশি এ সকল পণ্যের বাণিজ্যিক ব্যবহার থাকায় রাজস্ব সংরক্ষণের বিষয়ে সকলকে মনোযোগী হতে হবে। উপস্থিত অন্যান্যরা এ বিষয়ে সহমত পোষন করেন।

৬। সদস্য শুল্ক নীতি ও আইসিটি উপরোল্লিখিত বিষয়গুলির সাথে একমত পোষণ করে উল্লেখ করেন যে বিদ্যুৎ খাত একটি জাতীয় প্রেক্ষাপটে সংবেদনশীল খাত। সুতরাং এ খাতে সরকারী রাজস্ব নীতি সহায়তা বজায় রাখা একান্ত প্রয়োজন তবে একই সাথে উক্ত সহায়তা বাস্তবায়নকালে নীতি বর্হিভুতভাবে যেন বড় ধরণের কোন রাজস্ব হানি না হয় তা বিবেচনা করা সমীচীন। বিদ্যুৎ খাতে নীতিসহায়তা বজায় রেখে রাজস্ব সংরক্ষনের বিষয়টি কার্যকরভাবে সংরক্ষণে জাতীয় রাজস্ব বোর্ডের ২০১৯ সালে প্রদত্ত ব্যাখ্যা পত্রটি বাতিল করে প্রাসঙ্গিক প্রজ্ঞাপন গুলোর আলোকে একটি সমন্বিত প্রজ্ঞাপন জারি করা প্রয়োজন মর্মে তিনি সভায় উল্লেখ করেন। প্রথম সচিব, কাস্টমস নীতিসহ উপস্থিত অন্যান্যরা এ বিষয়ে একমত পোষণ করেন।

৭। বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি সভায় উল্লেখ করেন যে প্রজ্ঞাপন এস,আর,ও নং-৭৩-আইন/৯৭/১৭০০/শুল্ক, তারিখঃ ১৯ মার্চ, ১৯৯৭ খ্রিঃ এর আওতায় বিদ্যুৎ খাতের যন্ত্রপাতি ও যন্ত্রাংশসহ প্রয়োজনীয় পণ্য আমাদানিতে সরকারী নীতিগত অনুমোদন থাকায় রেয়াতি সুবিধা প্রদান করা হচ্ছে। এসকল পণ্য প্রজ্ঞাপনের প্রযোজ্য শর্তাবলী অনুসরণ করেই খালাস গ্রহণ করা হচ্ছে। তবে বিদ্যুৎ কেন্দ্রের সাথে সংশ্লিষ্ট পণ্য আমদানিতেই শুধুমাত্র নিয়মানুযায়ী বিদ্যুৎ বিভাগের প্রত্যয়ন পত্র ইস্যু করা হয়ে থাকে। কোন ধরণের অরেয়াতযোগ্য পণ্য যেমন Pre-fabricated building, boulder stone, MS Rod, steel plate, steel structure প্রভৃতি নির্মাণ সামগ্রীসহ বিভিন্ন ধরণের যানবাহণ, anchor boat, consumables, প্রভৃতি ক্ষেত্রেও এ জাতীয় প্রত্যয়ন পত্র ইস্যু করা হয়না। তাছাড়াও বাংলাদেশে distribution type ছোট ছোট transformar উৎপাদন হলেও বড় আকৃতির transformar উৎপাদন নেই। ফলে এসকল বিষয় বিবেচনাপূর্বক বিদ্যুৎ উৎপাদনের জড়িত ও আবশ্যিকভাবে আমদানি করতে হয় এমন নিদিষ্ট স্পেসিফিকেশন সম্পন্ন পণ্যের ক্ষেত্রেই শুধুমাত্র প্রত্যয়ন পত্র ইস্যু করা হয়ে থাকে। তিনি বিদ্যুৎ খাতের রেয়াতি সুবিধা নির্বিঘ্ন করতে সংশ্লিষ্ট সকল প্রজ্ঞাপন সমন্বিত করে একটি অভিন্ন প্রজ্ঞাপন জারির বিষয়টি বিবেচনার অনুরোধ জানান। তবে প্রণিতব্য প্রজ্ঞাপনে পণ্য তালিকা চূড়ান্ত করতে বিদ্যুৎ বিভাগের সাথে সরকারী ও বেসরকারী খাতের বিদ্যুৎ কেন্দ্রকেও মতামত প্রদানের সুযোগ প্রদানের অনুরোধ করেন।

৮। পরিশেষে, সভাপতি উপর্যুক্ত আলোচনার প্রেক্ষাপটে বিদ্যুৎ খাতে নীতিসহায়তা বজায় রেখে রাজস্ব সংরক্ষনের বিষয়টি কার্যকরভাবে সংরক্ষণে জাতীয় রাজস্ব বোর্ডের ২০১৯ সালে প্রদত্ত ব্যাখ্যাপত্রটি বাতিল করে প্রাসঙ্গিক প্রজ্ঞাপন গুলোর আলোকে একটি সমন্বিত প্রজ্ঞাপন জারি করা প্রয়োজন মর্মে মতামত প্রদান করেন।

৯। সিদ্ধান্ত:

(ক) বিদ্যুৎ উৎপাদনের জড়িত ও আবশ্যিকভাবে আমদানি করতে হয় এমন নিদিষ্ট স্পেসিফিকেশন সম্পন্ন পণ্যের যে সকল ক্ষেত্রে বিদ্যুৎ বিভাগের প্রত্যয়ন রয়েছে সে সকল ক্ষেত্রে রেয়াতি সুবিধা প্রদানের বিষয়টি সংশ্লিষ্ট কমিশনারগণ নিশ্চিত করবেন। তবে উক্ত প্রজ্ঞাপনের আওতায় অরেয়াতযোগ্য পণ্য যেমন Pre-fabricated building, boulder stone, MS Rod, steel plate, steel structure প্রভৃতি নির্মাণ সামগ্রীসহ বিভিন্ন ধরণের যানবাহন, anchor boat, consumables, distribution type transformar প্রভৃতি পণ্যের ক্ষেত্রে তা প্রযোজ্য হবে না।;

(খ) একই সাথে জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং ০৮.০১.০০০০.৫৩.০২৬.১৭/৭৭৭ তারিখ: ১৮-০২-২০১৯ বাতিল করা হবে; এবং

(গ) বিদ্যুৎ খাতের প্রাসঙ্গিক প্রজ্ঞাপনসমূহ পর্যালোচনাপূর্বক সমন্বিত প্রজ্ঞাপন জারির বিষয়ে রেয়াতযোগ্য পণ্য তালিকা চূড়ান্ত করতে জাতীয় রাজস্ব বোর্ড, বিদ্যুৎ বিভাগ, কাস্টম হাউস ও সরকারী ও বেসরকারী বিদ্যুৎ কেন্দ্রের প্রতিনিধি নিয়ে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হবে।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম পদবী ও দপ্তর | প্রতিনিধি |
|---|---|---|
| ১ | সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | আহবায়ক |
| ২ | কমিশনার, কাস্টম হাউস ঢাকা/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/আইসিডি/পানগাঁও/পায়রা। | সদস্য |
| ৩ | প্রথম সচিব (কাস্টমস নীতি / শুল্ক: অব্যাহতি ও প্রকল্প সুবিধা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সদস্য |
| ৪. | Federation of Bangladesh Chember of Commerce & Industries (FBCCI) এর প্রতিনিধি। | সদস্য |
| ৫. | সচিব, বিদ্যুৎ বিভাগ এর প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| ৬. | সরকারী ও বেসরকারী বিদ্যুৎ কেন্দ্রের দুই জন প্রতিনিধি (বিদ্যুৎ বিভাগ কর্তৃক মনোনয়ন যোগ্য)। | সদস্য |
| ৭. | দ্বিতীয় সচিব (কাস্টমস অব্যাহতি ও প্রকল্প সুবিধা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সদস্য |
| ৮ | দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সদস্য সচিব |

১০। সভায় আর কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

৩০/৭/২০১৯

সভাপতি
মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.৫৩.১২.০৪০.১৫

তারিখঃ ২৫/০৭/২০১৯ খ্রিঃ।

বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩-৮। কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম/ মোংলা/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি,কমলাপুর/ পানগাঁও।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। পিএ টু সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

সংযুক্তিঃ বর্ণনামতে।

মোঃ জাহাঙ্গীর আলম
দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)
ই-মেইল: sscuspolicy@gmail.com